**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২০৩ তারিখ: ২১/০৬/২০২৬ খ্রি.

# পরিপত্র

বিষয়: **সীমিত দরপত্র পদ্ধতি (LTM) -তে ক্রয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবৎসরে ক্রয়কারী (PE)-কর্তৃক যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তরে সীমিত দরপত্র ক্রয় পদ্ধতি (LTM)-তে দরপত্র আহবানের জন্য যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়নের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮ এ প্রয়োজনীয় সংস্থান রয়েছে। উক্ত সংস্থানের আলোকে যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণের নির্দেশ প্রদান করা হলোঃ

(১) সীমিত দরপত্র পদ্ধতির অধীন ক্রয়কার্যে অংশগ্রহণে ঠিকাদার তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী ঠিকাদারগণকে তাঁদের যোগ্যতার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের জন্য আহবান জানিয়ে ক্রয়কারী কর্তৃক স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করতে হবে।

(২) ঠিকাদারগণ যে জেলায় তালিকাভুক্তিতে আগ্রহী সেই জেলার নির্বাহী প্রকৌশলী তথা ক্রয়কারী (Procuring Entity) এর দপ্তরে আবেদন পত্র জমা দিতে হবে। যে সকল ঠিকাদার বর্তমানে কোন নির্বাহী প্রকৌশলীর দপ্তরে তালিকাভুক্ত আছেন তাদেরকেও নবায়নের জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরে আবেদন পত্র জমা দিতে হবে।

(৩) সংযুক্ত নমুনা ফরম অনুসরণ করে আবেদনপত্রের ছক প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী তালিকাভুক্তির/নবায়নের জন্য আগ্রহী ঠিকাদারগণকে সরবরাহ করবেন। আবেদনপত্র সরবরাহ করার ক্ষেত্রে কোন অর্থ গ্রহণ করা যাবে না।

(৪) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ৬৮(৩)(ঘ) এর আলোকে তালিকাভুক্তি এবং নবায়ন ফি নিম্নরূপভাবে নির্ধারণ করতে হবে:

- শ্রেণীভিত্তিক তালিকাভুক্তি ফি-৫,০০০ (পাঁচ হাজার) টাকা;
- শ্রেণীভিত্তিক নবায়ন ফি-২,০০০ (দুই হাজার) টাকা;

তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে,

- শ্রেণীভিত্তিক তালিকাভুক্তি ফি-৩,০০০ (তিন হাজার) টাকা;
- শ্রেণীভিত্তিক নবায়ন ফি-১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকা;

জরিমানা প্রদান ব্যতীত নবায়নের শেষ সময় ডিসেম্বর' ২০২৬ পর্যন্ত। এর পর নবায়নের আবেদনের ক্ষেত্রে ১,০০০ (এক হাজার) টাকা বিলম্ব ফি হিসেবে প্রদান করতে হবে। উল্লেখ্য, কোন একটি অর্থবৎসরে নবায়ন না করা হলে পরের অর্থবৎসরে নবায়নের ক্ষেত্রে ২,০০০ (দুই হাজার) টাকা বিলম্ব ফি হিসেবে প্রদান করতে হবে। পরপর দুই অর্থ বৎসরে নবায়ন না করা হলে পরবর্তীতে নতুনভাবে তালিকাভুক্তির আবেদন করতে হবে।

(৫) ঠিকাদার নির্ধারিত ফি, প্রযোজ্য ক্ষেত্রে বিলম্ব ফি ও সমস্ত ফি-এর উপর জাতীয় রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী ভ্যাট ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করবেন। তালিকাভুক্তি এবং নবায়নের আবেদনের সাথে উক্ত ট্রেজারী চালানের কপি সংযুক্ত করতে হবে।

(৬) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ১৪ এর আলোকে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক উক্ত তালিকা প্রস্তুত করতে হবে এবং সংশ্লিষ্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট থেকে অনুমোদন গ্রহণ করতে হবে:

| | |
|---|---|
| ১. ক্রয়কারী, সংশ্লিষ্ট জেলা - | আহবায়ক |
| ২. সিনিয়র সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা- | সদস্য |
| ৩. সংশ্লিষ্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর একজন প্রতিনিধি | সদস্য |

(৭) জুলাই' ২০২৬ হতে (প্রযোজ্য ক্ষেত্রে, বিলম্ব ফিসহ) নবায়নের আবেদন পাওয়া গেলে প্রতিটি ক্ষেত্রে [Case-by-case] ক্রয়কারী কর্তৃক অনতিবিলম্বে নিষ্পত্তি করতে হবে।

(৮) উপরিউক্ত কার্যাদি সম্পাদনের পর তালিকাভুক্ত দরদাতাগণের অনুকূলে তালিকাভুক্তি বহি ইস্যু করতে হবে;

(৯) তালিকাভুক্ত/নবায়নকৃত দরদাতাগণ শুধুমাত্র সংশ্লিষ্ট জেলার এলজিইডি'র আওতাধীন সীমিত দরপত্র পদ্ধতিতে আহবানকৃত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

সকল নির্বাহী প্রকৌশলী (জেলা)-কে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য বলা হলো। উল্লেখ্য, এতদসংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সকল আদেশ/পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে

২৯/৬/২০২৬

(মোঃ বেলাল হোসেন)
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৫৫০০৭২৪৮
ই-মেইল: ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২০৬/১(৭৫০) তারিখ: ২৯/০৬/২০২৬ খ্রি:

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।

৩। প্রকল্প পরিচালক (সকল)............................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ .......................................।

৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, .......................... উপজেলা, জেলাঃ ..........................।

22.06.2026

(মো: জাহিদ হোসেন খান)
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোন: ০২-৫৫০০৬৭৭৫
ই-মেইল: xen.procurement@lged.gov.bd

# Application Submission Letter

**IFE No**:____________ ***Date:****dd/mm/yy*

To:*[Name and address of Procuring Entity]*

I/We declare that I/we have the legal capacity to enter into a contract with you and have not been declared ineligible by the Government of Bangladesh on charges of engaging in corrupt, fraudulent, collusive or coercive practices.

I/We am/are not submitting more than one Application in this enlistment/ renewal of enlistment process in my/our own name or other name or in different names.

I/We certify that to the best of my/our knowledge, the information provided by me/us is correct and true.

I/We understand that if any of the particulars and statements provided above is proven to be incorrect and/or false, my/our enlistment shall be liable to cancellation.

I/We understand that you reserve the right to reject all the Applications or annul the enlistment proceedings without incurring any liability to Applicant.

**Signature of the Applicant**

# এলজিইডি'র আওতায় ঠিকাদারী তালিকাভূক্তি/নবায়নের

## নমুনা আবেদন ফরম

(ছবি)

১। ফার্মের/প্রতিষ্ঠানের নাম :

২। আবেদনকারীর নাম (প্রোপ্রাইটর) :

৩। পিতার নাম :

৪। মাতার নাম :

৫। বর্তমান ঠিকানা :

৬। স্থায়ী ঠিকানা :

৭। ট্রেড লাইসেন্স নম্বর :

৮। তালিকাভূক্তির নম্বর (যদি থাকে, নবায়নের ক্ষেত্রে প্রযোজ্য) :

৯। TIN/e-TIN Number :

১০। ভ্যাট নিবন্ধন নম্বর :

১১। ব্যাংক স্বচ্ছলতা সনদপত্র :

১২। জাতীয় পরিচয় পত্র (NID Card) নম্বর :

১৩। পাসপোর্ট সাইজ ছবি (২ কপি) :

১৪। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে সমবায় অধিদপ্তর অথবা জয়েন্ট ষ্টক কোম্পানীর নিবন্ধন (যদি থাকে) :

১৫। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ :

১৬। মোবাইল নম্বর :

১৭। ই-মেইল আইডি :

সংযুক্তিঃ ফরমে প্রদত্ত সকল তথ্যের সমর্থনে প্রমাণাদি সংযুক্ত করতে হবে।

**(আবেদনকারীর স্বাক্ষর)**
**ও**
**সীল**